জরুরি

বিএন কলেজ ঢাকা
নাবিক আবাসিক এলাকা
ঢাকা সেনানিবাস
ঢাকা-১২০৬
দূরালাপনী : ৮৭৫৪০৪১-৯/২৭০০
ই-মেইল- bncd_96@yahoo.com

২৬ চৈত্র ১৪২৮

বিএনসিডি/১১০/বিবিধ/ ৮৩ | ৩০ মার্চ ২০২২

**নাবিক আবাসিক এলাকাস্থ সৈকত প্লাজা (নেভী মার্কেট) মিরপুর-১৪ এ সড়ক দুর্ঘটনায় অবসরপ্রাপ্ত নৌ সদস্যের স্ত্রী নিহত হওয়া এবং উক্ত এলাকায় ট্রাফিক ব্যবস্থা তদারকি জোরদার করা প্রসঙ্গে**

১। নাবিক আবাসিক এলাকা মিরপুর-১৪ এ বাংলাদেশ নৌবাহিনী কলেজ ঢাকা ও শিশু নিকেতন ঢাকা অবস্থিত। উক্ত প্রতিষ্ঠানদ্বয়ের প্রায় ৫,৫০০ শিক্ষার্থীসহ নাবিক আবাসিক এলাকার প্রধান গেইটের অপর পার্শ্বে সেনাবাহিনী পরিচালিত সেনাপল্লী হাই স্কুলে প্রায় ১,৫৫০ জন শিক্ষার্থী প্রতিদিন নিজ নিজ প্রতিষ্ঠানে গমনাগমন করে থাকে। শিক্ষার্থীদের সাথে বিশেষ করে প্রাইমারী সেকশনের শিক্ষার্থীদের সাথেও প্রায় ১,০০০ - ১,৫০০ জন অভিভাবক উক্ত প্রতিষ্ঠান সমূহের ক্যাম্পাসের আশে পাশে অবস্থান করে থকেন। এছাড়াও নৌবাহিনীর রেশন স্টোর কলোনিতে অবস্থিত হওয়ায় এখানেও মাসের অনেকাংশ দিনে অনেক নৌ সদস্যের সমাগম হয়ে থাকে। কলোনীর দক্ষিণে বিএন কলেজগামী রাস্তার অপর পার্শ্বে সরকারি খাস জমিতে স্থানীয় কিছু প্রভাবশালীদের ছত্রছায়ায় অনেক অবৈধ দোকান-পাট, বিশেষ করে রিক্সা ও মোটরযানের গ্যারেজ গড়ে উঠেছে। তাই উক্ত রাস্তাসহ কলোনির পশ্চিমদিকের নেভী মার্কেটের রাস্তাটি অধিকাংশ সময় বিশেষ করে স্কুল ও কলেজ চলাকালীন সময়ে অত্যন্ত কোলাহলপূর্ণ থাকে এবং ট্রাফিক ব্যবস্থা ভেঙ্গে পড়ে। এতে শিক্ষার্থীসহ অভিভাবক, শিক্ষক ও কলোনিতে বসবাসরত ব্যক্তিবর্গের চলাচলের ভীষণ অসুবিধা ও বিঘ্নের সৃষ্টি হয়। ফলে গাড়ি, রিক্সা ও অন্যান্য যান সঠিক ট্রাফিক লেন অনুসরণ না করে অধিকাংশ সময় এলোপাথারি ও উল্টোদিকে যাতায়াত করে থাকে। যার ফলে প্রায়ই ছোট বড় দুর্ঘটনা ঘটে থাকে।

২। উল্লেখ্য গত ২৮ মার্চ আনুমানিক ১২১৫ ঘটিকায় নাবিক আবাসিক এলাকার সৈকত প্লাজার (নেভী মার্কেট) সামনে জনৈক মহিলা অভিভাবক রিক্সা আরোহীকে তার দুই কন্যা সন্তানকে বিএন কলেজ ঢাকায় নিয়ে আসার পথে অজ্ঞাত যাত্রীবাহী গাড়ি ধাক্কা দিলে উক্ত মহিলা তার দুই কন্যা সন্তানসহ পাশে সিটকে পরে দুর্ঘটনায় পতিত হয়। বর্ণিত মহিলাসহ তার দুই কন্যাকে পথাচারীরা তাদের মার্কস্ মেডিকেল কলেজে (মিরপুর-১৪) নিয়ে যায়। সেখানে মহিলা অভিভাবক অজ্ঞান হয়ে গেলে অবস্থা সংকটাপন্ন হওয়ায় তাদের তাৎক্ষণিক ঢাকা মেডিকেল কলেজে স্থানান্তর করা হয়। কর্তব্যরত চিকিৎসক আনুমানিক ১৫৩০ ঘটিকায় মহিলাকে মৃত ঘোষণা করেন।

৪। রাত আনুমানিক ০৯৪৫ এ অধ্যক্ষ উক্ত মহিলার সন্তানের বিএন কলেজের শিক্ষক জামাল আহমেদ এর নিকট হতে জানতে পারে মহিলা অভিভাবক অবসরপ্রাপ্ত নৌ সদস্য সঃ সংখ্যা ৯৯০০৫২ এম রফিকুল ইসলাম, এলইএন এর স্ত্রী। কন্যাদ্বয়ের অবস্থা বর্তমানে আশংকামুক্ত। দুর্ঘটনার বিষয়টি প্রথমে অধ্যক্ষ কর্তৃক জ্ঞাত হওয়ার পর গর্ভনিং বডির চেয়ারম্যান ও কমঢাকাকে আনুমানিক ২০৩০ ঘটিকায় এবং পরবর্তীতে ২১৪৫ ঘটিকায় মহিলার স্বামীর সাথে কথোপকথনের পর তার সম্পর্কে বিস্তারিত জানার পর পুনরায় অবহিত করা হয়।





Scanned with CamScanner

৫। বিএন কলেজ কর্তৃপক্ষ ও পরবর্তীতে এনপিএম স্টাফ কর্তৃক ভাষানটেক থানায় প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করে মরদেহ আনুমানিক ২২৩০ ঘটিকায় পরিবারের নিকট হস্তান্তরের ব্যবস্থা গৃহীত হয়। মহিলার স্বামী অবসরপ্রাপ্ত নৌ সদস্য এম রফিকুল ইসলাম, এলইএন থানায় কোন মামলা ও পোস্টমর্টেম সম্পন্ন করার বিষয়ে অনীহা প্রকাশ করে। পরবর্তীতে উক্ত নাবিক ঢাকা মেডিকেল কলেজ মর্গ থেকে লাশ তার নিজ বাড়ি বগুড়া জেলার ধুনট থানার পশ্চিম বরেনশাহীতে নিয়ে যায় এবং অদ্য আনুমানিক ১০০০ ঘটিকায় দাফন কার্য সম্পন্ন করে। উক্ত অবসরপ্রাপ্ত নাবিককে নৌবাহিনীর তরফ হতে যানবাহনসহ অন্যান্য সুবিধাদি প্রদানের বিষয়ে বলা হলে সে সেটা গ্রহণে অনাগ্রহ প্রকাশ করে এবং তাড়াতাড়ি গন্তব্যে পৌছার ব্যাপারে ত্বরাপ্রবন হয়ে উঠে।

৬। নাবিক আবাসিক এলাকার সন্নিহিত অঞ্চলে স্কুল ও কলেজ অবস্থিত হওয়ায় এখানে প্রায় প্রতিদিন ৮-৯ হাজার শিক্ষার্থী, অভিভাবক. শিক্ষক ও নৌ সদস্যসহ বেসামরিক জনগণের সমাগম ঘটে। তাই যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করলে এইরূপ দুর্ঘটনাসহ ভবিষ্যতে অনাকাঙ্ক্ষিত ঘটনা সংগঠিত হওয়ার সম্ভাবনা একেবারে অমূলক নয়। তাই উক্ত দুর্ঘটনাসহ/ অনুরূপ ঘটনা রোধকল্পে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে :

ক। স্কুল - কলেজ চলাকালীন সময়ে নাবিক কলোনি সন্নিহিত মিরপুর-১৪ এর পশ্চিম দিকের রাস্তায় যথাযথ ট্রাফিক ব্যবস্থা চালু রাখা এবং শিক্ষার্থী, অভিভাবক, নৌ সদস্যদের নিরাপত্তায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা। এ বিষয়ে এনপি স্টাফসহ কমপক্ষে একজন ট্রাফিক পুলিশের সমন্বয়ে শুধুমাত্র স্কুল-কলেজ শুরু (০৭৪০-০৯০০ ঘটিকা) এবং সমাপ্তি পর্যন্ত (১১৪৫-১৩৪৫ ঘটিকা) ট্রাফিক ব্যবস্থা তদারকির ব্যবস্থা গ্রহণ।

খ। অধিকাংশ ছোট যান যেমন রিক্সা, সিএনজি ইত্যাদি কলোনি হতে উত্তর দিকে যাওয়ার প্রাক্কালে হ্রস্বতর পথ (Shortcut) অবলম্বন করে উল্টোপথে এবং মিরপুর-১৪ মোড় হতে কলোনি আসার পথেও উল্টোপথ অবলম্বন করে যাতায়াত করে যা দুর্ঘটনার মূল কারণ (ছবি সংযুক্ত)। এ বিষয়ে পুলিশের ট্রাফিক বিভাগের সহিত প্রয়োজনীয় সমন্বয় সাধন করে ট্রাফিক ব্যবস্থার সঠিক প্রয়োগ (Enforce) করা যেতে পারে।

গ। কলোনির প্রবেশ/ বাহির হওয়ার মূখে উভয় দিকে, বিশেষ করে প্রবেশের সময় বাম দিকে যানবাহন জটলা দূর করার পদক্ষেপ নেওয়া যেতে পারে (ছবি সংযুক্ত)।

ঘ। নাবিক আবাসিক এলাকা ও বিএন কলেজের রাস্তার দক্ষিণে অবস্থিত অবৈধ স্থাপনা যেমন- টং ঘর, রিক্সা ও গাড়ির গ্যারেজ উচ্ছেদের জন্য সিটি কর্পোরেশন (নর্থ) এবং ডিসি ট্রাফিক / পুলিশের দায়িত্বরত বিভাগের সাথে যথাযথ সন্বয় সাধন করা যেতে পারে (ছবি সংযুক্ত)।

ঙ। রেশন স্টোরের উপর ৬ তলা নির্মাণাধীন ভবনের কাজে নিয়োজিত ঠিকাদারের স্টাফ কর্তৃক বিএন কলেজগামী রাস্তায় অর্ধেক অংশে ইট, বালু, সিমেন্ট, রড প্রায়ই যত্রতত্র রেখে কার্য সম্পাদন করে চলেছে (ছবি সংযুক্ত)। উক্ত প্রতিষ্ঠানকে তাদের কাজের সামগ্রী যথাসম্ভব নিজস্ব সাইটের কাছে গুছিয়ে রাখার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা যেতে পারে।



Scanned with CamScanner

৭। সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

এম এম সালাহউদ্দিন
ক্যাপ্টেন বিএন
অধ্যক্ষ
বিএন কলেজ ঢাকা

সংলগ্নী :

১। থানা কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ ও অন্যান্য কাগজপত্র — ০৩ পাতা।
২। নাবিক আবাসিক এলাকা সন্নিহিত রাস্তার ছবি — ০৩ পাতা।

বিতরণ :

বহিস্থ :

কার্যক্রম :

কমান্ডার ঢাকা নৌ অঞ্চল ও সভাপতি গভর্নিং বডি
বানৌজা হাজী মহসীন
ঢাকা সেনানিবাস
ঢাকা-১২০৬

অবগতি :

অধিনায়ক
বানৌজা হাজী মহসীন
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬

এনপিএম
বানৌজা হাজী মহসীন
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬

জিই (নৌ) ঢাকা
নৌ সদর কমপ্লেক্স
বনানী, ঢাকা-১২১৩





Scanned with CamScanner